দৈনিক বাংলা

তারিখ 28 JUL 1988
পৃষ্ঠা 7 কলাম ৪



# শিক্ষাঙ্গনে সুস্থ পরিবেশ ফিরে আসছে : আনিস

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন দেশে শিক্ষার মানোন্নয়ন ও প্রসার সাধনের লক্ষ্যে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য সরকার যেসব ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছে তার সুফল ইতিমধ্যেই শুরু হয়েছে।

তিনি গত শুক্রবার পিরোজপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এলাকার গণ্যমান্য ব্যক্তিদের এক সমাবেশে ভাষণ দানকালে একথা বলেন।

অনুষ্ঠানে ভূমি মন্ত্রী জনাব মোস্তফা জামাল হায়দার উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন পরীক্ষায় দুর্নীতি রোধ করা এবং শিক্ষাঙ্গণে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে প্রশাসনিক উদ্যোগের অংশ হিসাবে নতুনভাবে কোন কলেজে ডিগ্রি কোর্স চালু করা বর্তমানে বন্ধ রাখা হয়েছে।

পিরোজপুর কলেজে ডিগ্রি কোর্স বন্ধ করে দেয়ায় স্থানীয় জনগণের সোচ্চার প্রতিবাদের অন্তর্নিহিত মনোভাবকে স্বাগত জানিয়ে জনাব মাহমুদ বলেন শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্য ও অরাজকতা দেখা দিলে তার বিরুদ্ধেও সকলের একইভাবে সোচ্চার হওয়া প্রয়োজন।

জনাব মাহমুদ বলেন বর্তমানে দেশে সরকারী কলেজগুলোতে প্রায় আড়াই হাজার শিক্ষকের পদ শূন্য আছে। পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এ সকল পদ পূরণ হওয়ার পর পিরোজপুরের কলেজেও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষামন্ত্রী পিরোজপুর কলেজে ডিগ্রি কোর্স পুনঃপ্রবর্তন করতে তার ব্যক্তিগত মনোযোগ প্রদানের আশ্বাস দিয়ে বলেন যে শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ সংরক্ষণে এলাকার জনগণই সর্বাধিক ফলপ্রসূ ভূমিকা পালন করতে পারে।

অনুষ্ঠানে ভূমিমন্ত্রী জনাব মোস্তফা জামাল হায়দার বলেন বাংলাদেশে যে সকল এলাকায় শিক্ষিতের হার বেশী তার মধ্যে পিরোজপুর অন্যতম এবং এক্ষেত্রে পিরোজপুর সরকারী কলেজের

(৩-এর পৃঃ দ্রঃ)

## আনিস

(৭-এর পৃঃ পর)

বিরাট অবদান রয়েছে।

তিনি পিরোজপুর কলেজে ডিগ্রী কোর্স পুনঃ প্রবর্তন করার ব্যাপারে শিক্ষামন্ত্রীর ব্যক্তিগত আগ্রহের জন্য তাঁকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপজেলা চেয়ারম্যান জনাব আলী আহমদ খান এবং কলেজের সহযোগী অধ্যাপক শ্রী প্রফুল্ল কুমার ভাবুক বক্তব্য রাখেন। খবর তথ্য বিবরণীর।